



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



বৈদ্যুতিক নিরাপত্তা



বিদ্যুৎ খুবই জরুরি কারণ আলো এবং মেশিন চালনার প্রয়োজনীয় শক্তি বিদ্যুৎ সরবরাহ করে থাকে। বিদ্যুৎ খুব সহজেই যেকোনো ধরনের অনিষ্ট বা মৃত্যু ঘটাতে পারে। মেশিনের নিয়মিত রক্ষণাবেক্ষণ এই সব দুর্ঘটনা এবং মেশিনের অসময়ের বিকল হওয়া প্রতিহত করতে পারে যা উৎপাদনকে ব্যাহত করে থাকে।

- প্রতি ১২ মাস পর পর একজন অনুমোদিত ব্যক্তি অথবা প্রতিষ্ঠান (বিএলআর ৫৮ (২ এবং ৮)) দ্বারা বৈদ্যুতিক সরবরাহ লাইন পরীক্ষা করাতে হবে।
- দুর্ঘটনাবশত কোনো মানুষ বিদ্যুতের সংস্পর্শে আসলে (খোলা বা ছেঁড়া তারের সংস্পর্শে আসলে অথবা বৈদ্যুতিক গোলযোগ সম্পন্ন যন্ত্রের ব্যবহার হতে) সে পুড়ে যেতে পারে, তার রক্তক্ষরণ হতে পারে এমনকি মৃত্যুও ঘটতে পারে।
- শর্ট সার্কিট, টিলা সংযোগ এবং ভাঙা কন্ডাক্টর অতিরিক্ত তাপ উৎপাদন করতে পারে, এমনকি এর থেকে আগুনও লাগতে পারে। এইসব দুর্ঘটনা প্রতিহত করার জন্য নির্দিষ্ট মাপের তার রাখার র‍্যাক বা ট্রেঞ্জের ভিতরে তারকে সুরক্ষিত রাখতে হবে (বিএলআর ৫৮ (১ ও ৭)।

- বৈদ্যুতিক সার্কিটগুলো অবশ্যই সুরক্ষিত ডিভাইস দিয়ে সাজাতে হবে যাতে করে যেকোনো ধরনের ত্রুটিপূর্ণ সময়ে নিজ থেকে ঐ যন্ত্রের বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় [বিএলআর ৫৮ (৩)]। বিভিন্ন ধরনের প্রতিরক্ষাকারী ডিভাইস রয়েছে : কিছু ডিভাইস বৈদ্যুতিক শক প্রতিহত করে, কিছু ডিভাইস শর্ট সার্কিট অথবা অতিরিক্ত তাপ নিয়ন্ত্রণ করতে পারে।
- অপরিষ্কৃত ও অসঙ্গতিপূর্ণ উৎপাদন যন্ত্রের অবকাঠামো পরিবর্তনের কারণে (মেশিনের সংখ্যা বাড়ানো) অনেক বৈদ্যুতিক সমস্যার সৃষ্টি হয়।
- একটি নির্দিষ্ট সময় পর পর বৈদ্যুতিক ঝুঁকি মূল্যায়ন করা খুব গুরুত্বপূর্ণ [বিএলআর তফসিল-৪ দফা ২ (খ) (১) (৪)]। এই মূল্যায়নের ভিত্তিতে নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করার জন্য সংশোধিত কর্মপদ্ধতি অনুসরণ করা হবে এবং কাজের প্রক্রিয়া আরো উন্নত করা হবে।
- প্রত্যেক নতুন কর্মীকে কাজের শুরুতে বৈদ্যুতিক নিরাপত্তার বিষয়ে প্রাথমিক প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করতে হবে। যেকোনো ধরনের দুর্ঘটনার ঝুঁকি কর্মীরা খুঁজে পেলে তা কর্তৃপক্ষকে অবহিত করার ব্যাপারে কর্মীদের স্মরণ করিয়ে দিতে হবে যে এটা তাদের নৈতিক দায়িত্ব (বিএলএ ৮৬)।
- যেকোনো ধরনের বৈদ্যুতিক শকের ক্ষেত্রে কর্মী এবং প্রাথমিক চিকিৎসা সেবাদানকারী কর্মীর কী করা উচিত তা কর্তৃপক্ষকে নিশ্চিত করতে হবে।
- কর্মীদের অবশ্যই কাজের প্রক্রিয়া অনুসরণ করে ও প্রাপ্ত প্রশিক্ষণ অনুযায়ী প্রতিটি বৈদ্যুতিক যন্ত্র ব্যবহার করতে হবে।
- বৈদ্যুতিক যন্ত্রের নিয়মিত রক্ষণাবেক্ষণ যন্ত্রের উপর ধুলোর আস্তর জমা থেকে রক্ষা করে (যার কারণে আগুন লাগার সম্ভাবনা থাকে)। হুঁদরের ন্যায় তীক্ষ্ণদৃশ্যযুক্ত প্রাণী তারের আবরণ যাতে চিবিয়ে নষ্ট না করে সেজন্য পেস্ট কন্ট্রোল বা নিয়মিত বিষ ব্যবহার করা জরুরি।



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স

২৩-২৪ কাওরান বাজার (২য় ও ৩য় তলা), ঢাকা ১২১৫

ফোন : +৮৮ ০২ ৫৫০ ১৩৬২৭

Web: www.dife.gov.bd

Email: chiefdife@gmail.com

এই প্রকাশনাটি কানাডা, নেদারল্যান্ডস, যুক্তরাজ্য ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই,এল,ও)-র 'তৈরি পোশাক শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন কর্মসূচি'-এর সহায়তায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রকাশিত

Canada



Kingdom of the Netherlands

